# এইচ এস সি পরীক্ষা ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: প্রথম পত্র** বিষয় কোড : ২ ৮ ৬

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** 'মদিনা ফার্নিচার লি.' ২০১৫ সালে ৬,০০০ টাকা মূল্যের ১,০০০টি চেয়ার উৎপাদন করে, যার মূল্য ৬০,০০,০০০ টাকা। চেয়ার উৎপাদনে ২০,০০,০০০ টাকার কাঁচামাল, ২,৪০,০০০ টাকার যন্ত্রপাতি এবং ২,৮০,০০০ টাকা শ্রমিকের মজুরি বাবদ ব্যয় হয়। প্রতিষ্ঠানটির ২০১৪ সালের উৎপাদনশীলতা ৩.২ টাকা।

ক. সেবাগত উপযোগ কী? ১

খ. 'গুদামজাতকরণ সময়গত উপযোগ সৃষ্টি করে'-ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে মদিনা ফার্নিচার-এর ২০১৫ সালের কাঁচামালের উৎপাদনশীলতা নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির ২০১৫ সালের উৎপাদনশীলতার সাথে ২০১৪ সালের উৎপাদনশীলতার তুলনামূলক মূল্যায়ন করো। ৪

**২.▶** 'একতা পাওয়ার' একটি এনার্জি বাল্ব উৎপাদনকারী প্রতিষ্ঠান। গত তিন মাসে প্রতিষ্ঠানটির সরবরাহকৃত বাল্বের ৩৫% নষ্ট হওয়ার কারণে ফেরত আসে। ফলে প্রতিষ্ঠানটি ব্যাপক লোকসানের সম্মুখীন হয়। ভবিষ্যতে কাঁচামাল ও প্রযুক্তিগত উন্নয়নের মাধ্যমে প্রতিষ্ঠানটি এ অবস্থা থেকে বেরিয়ে আসতে চায়।

ক. প্রশিক্ষণ ব্যয় কী? ১

খ. 'মান নিয়ন্ত্রণ পণ্যের আদর্শমান নিশ্চিত করে'-ব্যাখ্যা করো। ২

গ. উৎপাদিত বাল্ব নষ্ট হওয়ার ফলে 'একতা পাওয়ার' এর কোন ধরনের ব্যয় বৃদ্ধি পায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রযুক্তিগত উন্নয়ন ঘটালে 'একতা পাওয়ার' কি লোকসানের হাত থেকে রক্ষা পেতে পারে? মতামত দাও। ৪

**৩.▶** মি. নোমান নিজস্ব তত্ত্বাবধানে নিজের বাগানের উৎপাদিত ফুল শহরের বিভিন্ন দোকানে বিক্রয় করেন। সম্প্রতি বাজারে ফুলের চাহিদা বৃদ্ধি পাওয়ায় তিনি কয়েকজন শ্রমিক নিয়োগ দিয়ে যোগ্যতা অনুযায়ী তাদের মাঝে দায়িত্ব বণ্টন করে দেন। কিন্তু পর্যাপ্ত সংরক্ষণ ও যানবাহনের অভাবে সময়মতো ফুল সরবরাহ করতে পারছেন না। তাই তিনি সমস্যা থেকে রেহাই পেতে ব্যাংক থেকে ঋণ নেওয়ার কথা ভাবছেন।

ক. শ্রমের দক্ষতা কী? ১

খ. 'ভূমি প্রকৃতির দান'-ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে মি. নোমান উৎপাদনের কোন উপকরণ হিসেবে কাজ করছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে মি. নোমানের উদ্ভূত সমস্যা সমাধানে উৎপাদনের কোন উপকরণ অধিক কার্যকর বলে তুমি মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৪.▶** সুজন ব্রাদার্স খুলনার একটি জাহাজ নির্মাণকারী প্রতিষ্ঠান। এর শ্রমিক-কর্মীরা নির্মাণ স্থানে অস্থায়ী তাঁবু তৈরি করে নির্মাণ কাজ করে। দেশ-বিদেশের ক্রেতারা সুজন ব্রাদার্স-এর উৎপাদিত জাহাজের প্রশংসা করে। প্রতিষ্ঠানটি আগামী বছর ৩টি জাহাজ নির্মাণ করার লক্ষ্যমাত্রা ঠিক করেছে।

ক. লে-আউট কী? ১

Teachingbd24.com

খ. কোন বিন্যাসে তত্ত্বাবধান ব্যয় বৃদ্ধি পায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সুজন ব্রাদার্স কোন ধরনের বিন্যাস অনুসরণ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো উদ্দীপকের প্রতিষ্ঠানটির পক্ষে প্রক্রিয়া বিন্যাস অনুসরণ করা সম্ভব? যুক্তিসহ লিখ। ৪

৫.▶ জনাব হারেছ 'জনতা গার্মেন্টিস' নামক একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। প্রতিষ্ঠানটিতে তিনি বছরে ২৫,০০০ একক পণ্য উৎপাদন করেন। এজন্য ৩০,০০০ টাকা কারখানা ভাড়া, ৫০,০০০ টাকা স্থায়ী ব্যয়, ৫,৫০,০০০ টাকার কাঁচামাল এবং মজুরি বাবদ ২,৫০,০০০ টাকা ব্যয় করেন। ফলে প্রতিষ্ঠানটি তাদের উৎপাদন লক্ষ্যমাত্রার কাছাকাছি অবস্থান করছে।
ক. উৎপাদন ক্ষমতা কী? ১
খ. 'নিম্ন উৎপাদন ক্ষমতা বিক্রয় ও মুনাফা হ্রাস করে'-ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে জনাব হারেছের 'জনতা গার্মেন্টিস'-এ কোন ধরনের উৎপাদন ক্ষমতা ব্যবহার করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে জনাব হারেছের 'জনতা গার্মেন্টিস' এর এককপ্রতি উৎপাদন ব্যয় কত? মূল্য নির্ধারণে এককপ্রতি ব্যয় নির্ধারণ কতটুকু যৌক্তিক বলে তুমি মনে করো? ৪

৬.▶ রহমান এন্ড সন্স বগুড়ার একটি প্রতিষ্ঠিত কোল্ড স্টোরেজ প্রতিষ্ঠান। এটি উৎপাদন মৌসুমে কৃষকদের কাছ থেকে আলু সংগ্রহ করে নিজস্ব কোল্ড স্টোরে সংরক্ষণ করে এবং পরবর্তীতে মূল্য বৃদ্ধি পেলে বিক্রয় করে। রহমান এন্ড সন্স-এর মালিকের ধারণা ও ব্যবসায়ের মাধ্যম তিনি সামাজিক কল্যাণে অবদান রাখছেন।
ক. উৎপাদন কী? ১
খ. গুদামজাতকরণের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়? -ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত রহমান এন্ড সন্স কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত রহমান এন্ড সন্স-এর মালিকের ব্যবসায়ের মাধ্যমে সামাজিক কল্যাণে অবদান রাখার ধারণার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৭.▶ 'X' দেশের ২০১৫-২০১৬ অর্থবছরে মোট ভোগ ব্যয় ৯০০ কোটি টাকা, মোট বিনিয়োগ ব্যয় ৩০০ কোটি টাকা, মোট সরকারি ব্যয় ৩৫০ কোটি টাকা, রপ্তানি আয় ২০০ কোটি টাকা এবং আমদানি ব্যয় ২৮০ কোটি টাকা। দেশটির জনগণ কর্তৃক সৃষ্ট উৎপাদনের পরিমাণ ১,০৫০ কোটি টাকা এবং বিদেশিদের উৎপাদনের পরিমাণ ৫০ কোটি টাকা। এক্ষেত্রে চালের ও গমের উৎপাদন এবং পাউরুটির উৎপাদনের পরিমাণ পৃথকভাবে অন্তর্ভুক্ত হয়েছে।
ক. জাতীয় আয় কী? ১
খ. মাথাপিছু আয় বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'X' নামক দেশটির মোট জাতীয় আয় নির্ণয় করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত 'X' দেশটির মোট অভ্যন্তরীণ উৎপাদনের সঠিকতা মূল্যায়ন করো। ৪

৮.▶ 'আমিন ছাতা' ২০১৬ সালের মে মাসে ১,০০,০০০ পিছ ছাতা উৎপাদন করে, যা পরবর্তী মাসেই বিক্রি হয়ে যায়। এতে প্রতিষ্ঠানটি বেশ লাভবান হয়। অধিক লাভের প্রত্যাশায় প্রতিষ্ঠানটি জুলাই মাসে অতিরিক্ত ৫০,০০০ পিছ ছাতা উৎপাদন করে। কিন্তু

মৌসুম পরিবর্তনের ফলে আগস্ট মাসের মধ্যে মাত্র ৪০,০০০ পিছ ছাতা বিক্রি হয় এবং বাকি ছাতা অবিক্রীত থেকে যায়। ফলে প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হয়।

ক. উৎপাদন ব্যবস্থাপনা কী? ১

খ. 'ভোগ্য পণ্য ক্রয়ের উদ্দেশ্য অব্যবসায়িক'-ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'আমিন ছাতা' নামক প্রতিষ্ঠানটি দ্রব্য না সেবা উৎপাদন করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উৎপাদন ব্যবস্থাপনার কোন কাজটি যথাযথভাবে অনুসরণ না করায় 'আমিন ছাতা' নামক প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হয়েছে? যুক্তিসহ মতামত দাও। ৪

**৯.** ▶ মিসেস মিথিলা তার নিজ গ্রাম রাণীনগরে ৫০ লক্ষ টাকা বিনিয়োগ করে ৪০ জন মহিলা নিয়ে একটি হস্তশিল্প ব্যবসায় শুরু করেন। তার প্রতিষ্ঠানের সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা ৫০,০০০ একক হলেও তিনি বিগত কয়েক বছর ধরে গড়ে ৩০,০০০ একক উৎপাদন করতে সক্ষম হচ্ছেন। তার উৎপাদিত হস্তশিল্পজাত দ্রব্যের ডিজাইন আকর্ষণীয় হওয়ায় অল্পদিনের মধ্যেই ব্যাপক জনপ্রিয়তা অর্জন করে এবং চাহিদা বৃদ্ধি পায়। এ বর্ধিত চাহিদা পূরণের উদ্দেশ্যে সম্প্রতি তিনি সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা কাজে লাগিয়ে প্রতিযোগিতামূলক সুবিধা অর্জনের চিন্তা করছেন।

ক. উৎপাদন মাত্রা কী? ১

খ. মাত্রাজনিত ব্যয় সংকোচন বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উৎপাদন মাত্রার ধরন অনুযায়ী মিসেস মিথিলার ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. সম্প্রতি মিসেস মিথিলার গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

**১০.** ▶ জনাব হানিফ একটি সিমেন্ট কারখানায় চাকরি করেন। কারখানাটি রাজবাড়ির পদ্মা নদীর তীরে অবস্থিত। জনাব হানিফের ছোট ভাই হারুন একটি ঔষধের দোকান দেওয়ার চিন্তা করছে। জনাব হানিফ তাকে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালের কাছাকাছি দোকান খুঁজতে বললেন। এতে ক্রেতা পাওয়া সহজ হবে। হারুন বলল, ক্রেতা এত গুরুত্বপূর্ণ হলে সিমেন্ট কারখানা নদীর তীরে কেন? জনাব হানিফ বললেন, ব্যবসায় অবস্থানের ক্ষেত্রে ব্যবসায়ের প্রকৃতিও বিবেচনা করতে হবে।

ক. ব্যবসায়ের অবস্থান কী? ১

খ. 'যেকোনো প্রতিষ্ঠানের জন্য শ্রমঘূর্ণায়মানতা ক্ষতিকর'-ব্যাখা করো। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি নদীর তীরে অবস্থানের ক্ষেত্রে কোন উপাদানটির প্রভাব সর্বাধিক? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যবসায়ের অবস্থান সম্পার্কিত জনাব হানিফের বক্তব্যটি মূল্যায়ন করো। ৪

**১১.** ▶ জনাব অলোক প্রসাধন সামগ্রী উৎপাদন করেন। তিনি পণ্যসামগ্রীকে নজরকাড়া আবরণে আবদ্ধ করেন। এতে তিনি ব্যবসায়ে বেশ সফলতা অর্জন করেন। কিন্তু কয়েক বছর পর লক্ষ করলেন বিক্রির পরিমাণ কমে যাচ্ছে। প্রতিযোগীদের চেয়ে পণ্যের মানও খারাপ। তিনি বিক্রির পরিমাণ বৃদ্ধির জন্য চিন্তিত।

ক. উৎপাদন ডিজাইন কী? ১

খ. 'ভোক্তার ক্রয়ক্ষমতা পণ্যের ডিজাইনকে প্রভাবিত করে'-ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত জনাব অলোক কোন ধরনের পণ্য ডিজাইন করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. কী ধরনের ব্যবস্থা গ্রহণ করলে জনাব অলোক পুনরায় বিক্রি বাড়াতে পারবেন? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন-প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড : | ২ | ৮ | ৬ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

*বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. উৎপাদনশীলতা প্রকাশ করা হয় কীভাবে?
ⓚ শতকরা হারে ⓚh পরিমাণ সূচকে
ⓖ আনুপাতিক হারে ⓖh মূল্য সূচকে

**উদ্দীপকটি পড়ো এবং ২ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. রাশেদ একটি কারখানা গড়ে তোলেন। বিভিন্ন উপকরণ ব্যবহার করে, প্রতি মাসে ৩০,০০০ একক উৎপাদন করার ক্ষমতা থাকলেও শ্রমিকদের অসহযোগিতার কারণে বর্তমানে উৎপাদিত হচ্ছে ৮,০০০ একক। উল্লেখ্য উক্ত প্রতিষ্ঠানের পণ্যের বাজারে যথেষ্ট চাহিদা রয়েছে।

২. কারখানাটির উৎপাদন ক্ষমতার ব্যবহার কত?
ক) ৩৬% খ) ২৬.৬৭%
গ) ৩৭.৪৫% ঘ) ৩৮%

৩. শহরে ব্যবসায় গড়ে ওঠার প্রধান কারণ কী?
ক) সস্তা শ্রম
খ) সহজে মূলধন প্রাপ্তি
গ) রাজনৈতিক প্রভাবমুক্ত
ঘ) সহজ সম্প্রসারণ

৪. কোনটি উৎপাদনের উৎপাদিত উপাদান?
ক) ভূমি খ) শ্রম
গ) মূলধন ঘ) সংগঠন

৫. কাম্য উৎপাদন মাত্রা হলো—
i. এককপ্রতি ব্যয় কম
ii. অধিক উৎপাদন
iii. উৎপাদন মান উন্নত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. বৃহদায়তন এন্টারপ্রাইজের অসুবিধা হলো—
i. উপরিব্যয় বেশি
ii. ব্যবসায় সম্প্রসারণ
iii. সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব রাতুল গ্যাস, বিদ্যুৎ, পানি ও অন্যান্য সুবিধা থাকায় ঢাকার পাশে সাভারে মুরগির ফার্ম প্রতিষ্ঠা করেন। এতে উক্ত প্রতিষ্ঠানটি অল্প সময়ের মধ্যে সফলতা অর্জন করতে সক্ষম হয়। বর্তমানে তিনি ব্যবসায় সম্প্রসারণের কথা ভাবছেন।

৭. উদ্দীপকটিতে জনাব রাতুল তার ব্যবসায়ের অবস্থান নির্বাচনে কোন বিষয়টি গুরুত্ব দিয়েছেন?
ক) অবকাঠামোগত উন্নয়ন
খ) সাশ্রয়ীমূল্যে উপকরণ ক্রয়
গ) রাজনৈতিক প্রভাবমুক্ত
ঘ) কর অবকাশের সুবিধা

৮. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি সম্প্রসারণের জন্য করণীয় হলো—
i. পর্যাপ্ত শ্রমিক নিয়োগ
ii. অতিরিক্ত মূলধন বিনিয়োগ
iii. প্রতিযোগিতা মোকাবিলা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. বর্তমান বাংলাদেশে মাথাপিছু আয়ের পরিমাণ কত মার্কিন ডলার?
ক) ১,২০০ খ) ১,৩০৫
গ) ১,৪২৬ ঘ) ১,৬১০

১০. কাস্টমাইজেশন কী অনুযায়ী পণ্য তৈরি করে?
ক) উৎপাদন অনুযায়ী খ) মান অনুযায়ী
গ) ফরমায়েশ অনুযায়ী ঘ) বিজ্ঞাপন অনুযায়ী

**উদ্দীপকটি পড়ো এবং ১১ নং প্রশ্নের উত্তর দাও।**
মিস. আশা কুরিয়ান এয়ারলাইন্স কোম্পানিতে চাকরি করেন। তার কাজ হলো কনসলিডেটরদের মাধ্যমে এয়ারলাইন্স-এর টিকিট বিক্রি করা। সম্প্রতি তারা টিকিট বিক্রির বিশেষ একটি অফার দেয়। কিন্তু দিন শেষে তাদের ৪টি টিকিট অবিক্রীত থেকে যায়। তাই সে চিন্তিত হয়ে পড়েছেন।

১১. মিস. আশার চিন্তিত হওয়ার কারণ সেবার কোন বৈশিষ্ট্য দ্বারা প্রকাশ পায়?
ক) অদৃশ্যমানতা খ) অপরিবর্তনীয়
গ) বৈসাদৃশ্যতা ঘ) নশ্বরতা

১২. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে?
ক) F. W. Tailor খ) W. Franklin
গ) M. C. Shukla ঘ) W. Henry

১৩. চকলেটের ক্ষেত্রে গ্রহণ করা হয় কোন ধরনের পণ্য ডিজাইন?
ক) ক্রিয়াগত খ) উৎপাদন
গ) প্যাকিং ঘ) নান্দনিক

১৪. প্রতিষ্ঠানের পণ্য ডিজাইন করে কে?
ক) ক্রয় বিভাগ খ) উৎপাদন বিভাগ
গ) কারিগরি বিভাগ ঘ) বিপণন বিভাগ

১৫. পণ্য ডিজাইনে বিবেচনা করা হয়—
i. পণ্যের সম্ভাব্য মূল্য
ii. ক্রেতাদের ক্রয়ক্ষমতা
iii. কাঁচামালের ব্যবহার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

Teachingbd24.com

https://teachingbd24.com

১৬. সর্বোচ্চ উৎপাদন ক্ষমতার সূত্র কোনটি?
ক (গড় উৎপাদনের হার ÷ সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা) × ১০০
খ (গড় উৎপাদনের হার ÷ কার্যকর উৎপাদন ক্ষমতা) × ১০০
গ (ঘন্টা ÷ শিফট) × (শিফট ÷ দিন) × (দিন ÷ সপ্তাহ)
ঘ (প্রকৃত উৎপাদনের ÷ কার্যকর দক্ষতা) × ১০০

১৭. BSTI কত সালে প্রতিষ্ঠা লাভ করে?
ক ১৯৭০ খ ১৯৭৫
গ ১৯৮৫ ঘ ১৯৮৯

১৮. নিচের কোনটি পরিবর্তনশীল ব্যয়?
ক কর্মীর বেতন খ কারখানার ভাড়া
গ যন্ত্রপাতির অবচয় ঘ বৈদ্যুতিক বিল

১৯. কোনটি পরিবেশ বিষয়ক মান ব্যবস্থাপনা সিস্টেম?
ক ISO- 9000 খ ISO- 9001
গ ISO- 9005 ঘ ISO- 14000

২০. নিচের কোনটি প্রতিরোধ ব্যয়?
ক পরিদর্শন ব্যয় খ উৎপাদন ক্ষতি
গ প্রশিক্ষণ ব্যয় ঘ পুনঃকার্য ব্যয়

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**
শান্তা লি. ২০১৫ সালে ২ লক্ষ টাকার পণ্য উৎপাদন করে, যা ২০১৪ সালের উৎপাদনের প্রায় দ্বিগুণ। ২০১৫ সালে প্রতিষ্ঠানটির মোট উপকরণ ব্যয় কাঁচামাল ২০ হাজার টাকা, বেতন ও মজুরি ৩০ হাজার টাকা এবং অন্যান্য ব্যয় বাবদ ২৫ হাজার টাকা।

২১. ২০১৫ সালে শান্তা লি.-এর উৎপাদনশীলতার পরিমাণ কত?
ক ২.৪ খ ২.৬৭
গ ৩.৫ ঘ ৩.৪

২২. শান্তা লি.-এর ২০১৫ সালের উৎপাদনশীলতা প্রকাশ করে—
i. প্রতিষ্ঠানের অগ্রগতি
ii. কর্মীদের মনোবল
iii. ব্যবস্থাপনার দক্ষতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।**
কোনো দেশের নিট রপ্তানি আয় ছিল ৮০ কোটি ডলার। উক্ত দেশ সম্পর্কিত অন্যান্য তথ্য নিম্নরূপ:


| বিবরণ | পরিমাণ (কোটি টাকা) |
|---|---|
| ভোগ ব্যয় | ৪০০ |
| বিনিয়োগ ব্যয় | ৩০০ |
| খাজনা | ৪০ |
| মজুরি | ৯০ |
| মুনাফা | ৩০ |
| সরকারি ব্যয় | ৫৯০ |
| সুদ | ৪৫ |

২৩. আয়ের ভিত্তিতে মোট জাতীয় উৎপাদন কত?
ক ১২০ খ ১৩৫
গ ২০৫ ঘ ৩৪০

২৪. ব্যয়ের ভিত্তিতে মোট জাতীয় উৎপাদন কত?
ক ৭০০ খ ৭৮০
গ ১,২৯০ ঘ ১,৩৭০

২৫. বিআরটিসি কোন ধরনের সংগঠন?
ক অংশীদারি খ যৌথ উদ্যোগ
গ রাষ্ট্রীয় ঘ সমবায়

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**




২৬. উদ্দীপকটিতে কোন ধরনের লে-আউটের কথা বলা হয়েছে?
ক প্রোডাক্ট খ প্রসেস
গ অফিস ঘ ফিক্সড পজিশন

২৭. উদ্দীপকের লে-আউটের বিবেচ্য বিষয়—
i. যন্ত্রের ধরন ii. শ্রমিক সংখ্যা
iii. পারিপার্শিক অবস্থা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. কোনটি সার্ভিস বিন্যাসের অন্তর্ভুক্ত?
ক প্রক্রিয়া খ পণ্য
গ রিটেইল ঘ স্থির

২৯. ব্যাংকিং অংশীদারি ব্যবসায়ের সর্বোচ্চ সদস্য সংখ্যা কত?
ক ১০ খ ১৫
গ ২০ ঘ ২৫

৩০. ক্ষুদ্র এন্টারপ্রাইজের ক্ষেত্রে ন্যূনতম মূলধন কত?
ক ৫ লক্ষ খ ৫০ লক্ষ
গ ১০ কোটি ঘ ৩০ কোটি

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | গ | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ক |
| ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | খ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ |

https://teachingbd24.com